দৈনিক বাংলা

তারিখ 22 APR 1992

# আজ এসএসসি পরীক্ষা শুরু : পাঁচ লাখ ৪০ হাজার পরীক্ষার্থী

স্টাফ রিপোর্টার : আজ বুধবার ১৯৯২ সালের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। আজ বাংলা প্রথম পত্রের পরীক্ষা।

ঢাকা, রাজশাহী, কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডে এবার সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা পাঁচ লক্ষ ৩৯ হাজার ৯শ ৯৯ জন।

এটি দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ পাবলিক পরীক্ষা। চারটি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৫শ ২৮টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষা কেন্দ্রের দু'শ গজের মধ্যে ১৪৪ ধারা জারিসহ পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

ঢাকা বোর্ডের অধীনে বিদেশে ছয়টি কেন্দ্রসহ মোট ১৩৭টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা গ্রহণ করা হবে। ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৭৪ হাজার ৩৮৪ জন।

রাজশাহী বোর্ডে পরীক্ষার্থী এক লাখ ২৫ হাজার ৪৯ জন। কেন্দ্র হচ্ছে ১৩৭টি। কুমিল্লা বোর্ডে ১৪৯টি কেন্দ্রে এক লাখ (৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ

## আজ এসএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

৩৪ হাজার ২৭৪ জন পরীক্ষা দেবে। যশোর বোর্ডে কেন্দ্র ১০৫টি। পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ছয় হাজার ২৯২।

পরীক্ষায় নকল রোধের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে শক্তিশালী ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা যথাযথভাবে বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়েছে। ১৪৪ ধারা জারি করার ব্যবস্থা নেয়া হয়েছে পরীক্ষা কেন্দ্রে।

পরীক্ষা কেন্দ্রে সকল শ্রেণীর বহিরাগতের উপস্থিতি সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। সর্বোচ্চ দু'বছর কারাদণ্ডসহ অর্থদণ্ডের বিধান রয়েছে তাদের বিরুদ্ধে। পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কেউ শৈথিল্য দেখালে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

পরীক্ষায় দুর্নীতিতে সহায়তাকারীর বিরুদ্ধে আইন মোতাবেক সর্বোচ্চ চার বছরের কারাদণ্ড ও অর্থদণ্ডসহ কঠোর শাস্তি দেয়ার বিধান রয়েছে। ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ যাতে নির্ভয়ে নিজেদের দায়িত্ব পালন করতে পারেন সে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম আগে খবর না দিয়েই বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

কোন কেন্দ্রে পরীক্ষা পরিচালনায় শৈথিল্যের কারণে দুর্নীতি ঘটলে ওই কেন্দ্র বাতিল করা হবে। কোন পরিদর্শক দায়িত্ব পালনে অবহেলা বা নকলে সহায়তা করলে তার সরকারী অনুদান বন্ধসহ বিভিন্ন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

কোন পরীক্ষার্থী এডমিট কার্ড, রেজিস্ট্রেশন কার্ড, কালি-কলম, প্রয়োজনীয় পেন্সিল ও যন্ত্রপাতি ছাড়া অন্য কিছু সঙ্গে আনতে পারবে না। যদি কোন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন বা শৃঙ্খলা পরিপন্থী কাজ করে তাহলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে পানি ছাড়া অন্য কিছু পান করা বা খাওয়া নিষিদ্ধ। প্রথমবারের মত এ ধরনের অপরাধ করলে ৫০ টাকা জরিমানা করা যাবে। কেউ এর পুনরাবৃত্তি করলে নির্দিষ্ট দিন ও সময়ের পরীক্ষা বাতিল করা হবে। এছাড়াও নকল করা, পরিদর্শকের সঙ্গে দুর্ব্যবহার, তাকে ভয় দেখানোসহ অন্যান্য অপরাধের জন্য গুরুতর শাস্তি দেয়া হবে।

### যশোর বোর্ড

ভেড়ামারা থেকে নিজস্ব সংবাদদাতা জানান : চলতি বছরে যশোর বোর্ডে এসএসসি পরীক্ষায় এক লাখ ছ'হাজার দু'শ ৯২ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করছে। এর মধ্যে ৭০ হাজার এক'শ ৭৫ জন পুরুষ এবং ৩৬ হাজার এক'শ ৭৭ জন মহিলা পরীক্ষার্থী।

এবার বিজ্ঞান বিভাগে ২৮ হাজার ন' ৪১ জন, মানবিক বিভাগে ৬৯ হাজার পাঁচশ ৫৮ জন এবং সাত হাজার সাতশ ৯৩ জন প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করছে। মোট একশ পাঁচটি কেন্দ্র ও পাঁচটি উপকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।